# Prime Minister Chairs Business Roundtable in Tokyo

May 23, 2022

# প্রধানমন্ত্রীর পৌরোহিত্যে টোকিওতে বাণিজ্য সংক্রান্ত গোলটেবিল বৈঠক

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ টোকিওতে জাপানের বাণিজ্য জগতের অগ্রগণ্য ব্যক্তিত্বদের সঙ্গে একটি গোলটেবিল বৈঠকে পৌরোহিত্য করেছেন।

এই বৈঠকে ৩৪টি জাপানী সংস্থার কর্ণধার ও মুখ্য কার্যনির্বাহী আধিকারিকরা উপস্থিত ছিলেন। যে সব সংস্থার কর্ণধাররা বৈঠকে যোগ দেন, সেই সংস্থাগুলির ভারতে বিনিয়োগ রয়েছে এবং অনেক সংস্থা ভারতে নানা ধরণের পরিচালনমূলক কাজে যুক্ত। মূলত গাড়ি শিল্প, বৈদ্যুতিন শিল্প, সেমি কনডাক্টর, ইস্পাত প্রযুক্তি, ব্যাঙ্কিং ও আর্থিক বিষয়ক সংস্থার প্রতিনিধিরা বৈঠকে যোগ দেন। এছাড়াও ভারত ও জাপানের বেশ কিছু বাণিজ্যিক সংগঠনের প্রতিনিধিরাও এই বৈঠকে উপস্থিত ছিলেন। এদের মধ্যে উল্লেখযোগ্য : কেইদানরেন, জাপান এক্সটার্নাল ট্রেড অর্গানাইজেশন (জেইটিআরও), জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেটিভ এজেন্সি (জেআইসিএ), জাপান ব্যাঙ্ক ফর ইন্টারন্যাশনাল কো-অপারেশন (জেবিআইসি), জাপান – ইন্ডিয়া বিজনেস কনসালটেটিভ কমিটি (জেআইবিসিসি) ও ইনভেস্ট ইন্ডিয়া।

প্রধানমন্ত্রী বৈঠকে বলেন, ভারত ও জাপান দীর্ঘদিনের স্বাভাবিক অংশীদার। তিনি ভারত – জাপান সম্পর্কের সম্ভাবনার দিকটি উল্লেখ করে ব্যবসায়ী সম্প্রদায়ের ভূমিকার প্রশংসা করে বলেন□ এরা এই সম্পর্কের ব্র্যান্ড অ্যাম্বাস্যাডার। শ্রী মোদী বলেন, মার্চ মাসে ভারত সফরের সময় জাপানের প্রধানমন্ত্রী কিশিদা ভারতে আগামী ৫ বছরে জাপানের বিনিয়োগের লক্ষ্যমাত্রা ধার্য্য করেছেন ৫ লক্ষ কোটি ইয়েন। প্রধানমন্ত্রী এই প্রসঙ্গে বেশ কয়েকটি অর্থনৈতিক উদ্যোগের কথা উল্লেখ করেন। এর মধ্যে রয়েছে : ভারত – জাপান ইন্ডাস্ট্রিয়াল কম্পিটিটিভনেস পার্টনারশিপ (আইজেআইসিপি), ক্লিন এনার্জি পার্টনারশিপ। এই প্রসঙ্গে তিনি ভারতে স্টার্টআপ ব্যবস্থাপনার কথা উল্লেখ করে বলেন, ন্যাশনাল ইনফ্রাস্ট্রাকটার পাইপলাইন (এনআইপি), উৎপাদনভিত্তিক উৎসাহ প্রকল্প বা পিএলআই এবং সেমিকন্ডাক্টর নীতির মতো বেশ কিছু বাণিজ্যবান্ধব উদ্যোগ নেওয়া হয়েছে।

প্রধানমন্ত্রী জানান, বিশ্বজুড়ে প্রত্যক্ষ বিদেশী বিনিয়োগ শ্লথ হলেও ভারতে রেকর্ড পরিমাণ প্রত্যক্ষ বিদেশী বিনিয়োগ হয়েছে, গত অর্থবর্ষে যার পরিমাণ ছিল ৪৮০০ কোটি মার্কিন ডলার। একে তিনি ভারতের অর্থনৈতিক সম্ভাবনার প্রতি আস্থা বলে বর্ণনা করেন। শ্রী মোদী ভারতে জাপানী সংস্থাগুলিকে আরো বেশি করে বিনিয়োগের আহ্বান জানান। ভারতের উন্নয়ন যাত্রায় জাপানের অবদানের স্বীকৃতি হিসেবে তিনি 'জাপান সপ্তাহ' পালনের প্রস্তাব দেন।

এই গোলটেবিল বৈঠকে যাঁরা অংশগ্রহণ করেছেন, তাঁদের মধ্যে উল্লেখযোগ্য হুন্ডা মোটর কোম্পানি লিমিটেডের চেয়ারম্যান ও ডিরেক্টর মি. সেইজি কুরেইশি, নিশান মোটর কর্পোরেশনের রিপ্রেজেন্টেটিভ এক্সিকিউটিভ অফিসার, প্রেসিডেন্ট ও মুখ্য কার্যনির্বাহী আধিকারিক মি. মাকোতো উচিদা, টয়োটা মোটর কর্পোরেশনের প্রেসিডেন্ট ও বোর্ড অফ ডিরেক্টরসের সদস্য মি. আকিও টয়োটা, ইয়ামাহা মোটর কর্পোরেশনের প্রেসিডেন্ট, মুখ্য কার্যনির্বাহী আধিকারিক ও রিপ্রেজেন্টেটিভ ডিরেক্টর মি. ইয়োশি হিরো হিদাকা, সুজুকি মোটর কর্পোরেশনের প্রেসিডেন্ট ও রিপ্রেজেন্টেটিভ ডিরেক্টর মি. তোশি হিরো সুজুকি, মিজুহু ব্যাঙ্ক লিমিটেডের পক্ষে মিজুহু আর্থিক গোষ্ঠীর চেয়ারম্যান মি. সেইজি ইমাই, এমইউএফজি ব্যাঙ্ক লিমিটেড ও জেআইবিসিসি –র পক্ষে এমইউএফজি ব্যাঙ্ক লিমিটেডের পরামর্শদাতা ও জেআইবিসিসি –র চেয়ারম্যান মি. হিরোয়াকি সুজিসুই, সুমিতোমো মিতসুই ব্যাঙ্কিং কর্পোরেশনের পক্ষে সুমিতোমো মিতসুই আর্থিক গোষ্ঠী ও সুমিতোমো মিতসুই ব্যাঙ্কিং কর্পোরেশনের পর্ষদের চেয়ারম্যান মি. তাকেশি কুনিবে, নোমুরা সিকিউরিটিজ কোম্পানী লিমিটেডের পক্ষে চেয়ারম্যান মি. কোজি নাগাই, জাপান – ইন্ডিয়া বিজনেস কো-অপারেশন কমিটির মহাসচিব মি. কাজুও নিশিতানি, কেউদানরেনের

সভাপতি মি. মাসাকাজু কুবোতা, ড্রিম ইনকিউবেটর ইনকর্পোরেশনের ডিরেক্টর ও সিওও মি. কিওহাই হোসোনো, সুমিতোমো কেমিকেল কোম্পানী লিমিটেডের প্রেসিডেন্ট এবং জাপান পেট্রোকেমিকেল ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়োশনের ভাইস চেয়ারম্যান মি. কেইচি ইয়োতা, আইএইচআই কর্পোরেশনের পর্ষদ চেয়ারম্যান মি. সুগিও মিৎসুওকা, কাওয়াসাকি জেবি ইন্ডাস্ট্রি লিমিটেডের পর্ষদের চেয়ারম্যান মি. ইয়োশিনোরি কানেহেনা, হোটেল ম্যানেজমেন্ট ইন্টারন্যাশনাল কোম্পানি লিমিটেডের প্রেসিডেন্ট ও রিপ্রেজেন্টেটিভ ডিরেক্টর মি. রিউকো হিরা, ব্রুকস অ্যান্ড কোম্পানি লিমিটেডের সিইও এবং মুখ্য কার্যনির্বাহী আধিকারিক মি. হিরোকো ওগাওয়া, ফুজিতসু লিমিটেডের সিনিয়ার এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও সিটিও শ্রী. বিবেক মহাজন, এনইসি কর্পোরেশনের সিনিয়ার ভাইস প্রেসিডেন্ট মি. তোশিয়া মাকসুকি, জেইটিআরও –র সভাপতি মি. কাজুসিগে নবুতানি, জেআইসিএর এক্সিজিকিউটিভ সিনিয়ার ভাইস প্রেসিডেন্ট মি. ইয়ামাদা জুনিচি, জেবিআইসি –র গর্ভনর মি. তাদাশি মায়দা, মিৎসুই ওএসকে লাইন্সের ম্যানেজিং এক্সিকিউটিভ অফিসার শ্রী অজয় সিং, হিতাচি লিমিটেডের ডিরেক্টর, রিপ্রেজেন্টেটিভ এক্সিকিউটিভ অফিসার, এক্সিকিউটিভ চেয়ারম্যান ও মুখ্য কার্যনির্বাহী আধিকারিক মি. তোশিয়াকি হিগাশিহারা, ডাইকিন ইন্ডাস্ট্রিজ লিমিটেডের সিনিয়ার এক্সিকিউটিভ অফিসার ও পর্ষদ সদস্য মি. ইয়োশিহিরো মিনেনো, জেএফই স্টিল কর্পোরেশনের প্রেসিডেন্ট ও মুখ্য কার্যনির্বাহী আধিকারিক মি. ইয়োশিহিসা কিতানো, নিপ্পন স্টিল কর্পোরেশনের রিপ্রেজেন্টেটিভ ডিরেক্টর ও প্রেসিডেন্ট মি. এইজি হাসিমোতো, টোরে ইন্ডাস্ট্রিজের প্রেসিডেন্ট ও বোর্ডের প্রতিনিধিমূলক সদস্য মি. আকিহিরো নিক্কাকু, মিৎসুই অ্যান্ড কোম্পানি লিমিটেডের রিপ্রেজেন্টেটিভ ডিরেক্টর ও সিনিয়ার এক্সিকিউটিভ ম্যানেজিং অফিসার মি. মতোয়াকি উনো, সোজিতৎ কর্পোরেশনের রিপ্রেজেন্টেটিভ ডিরেক্টর, প্রেসিডেন্ট ও মুখ্য কার্যনির্বাহী আধিকারিক মি. মাশাওসি ফুজিমোতো, সুমিতোমো কর্পোরেশনের এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও রিপ্রেজেন্টেটিভ ডিরেক্টর মি. তোশিকাজু নাম্বু, টয়োটা সুশো কর্পোরেশনের প্রেসিডেন্ট মি. ইকিরো কাশিতানি, মারুবেনি কর্পোরেশনের ভাইস চেয়ারম্যান ও পর্ষদ সদস্য মি. ইচিরো তাকাহারা এবং মিৎসুবিসি কর্পোরেশনের পক্ষে মিৎসুবিসি কর্পোরেশন ইন্ডিয়া প্রাইভেট লিমিটেডের চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর মি. ইয়োজি তাগুচি।

| নাম | আখ্যা | সংগঠন |
|---|---|---|
| মিঃ সেইজি কুরাইশি | চেয়ারম্যান ও পরিচালক | হোন্ডা মোটর কোং, লিমিটেড |
| মিঃ মাকোতো উচিডা | প্রতিনিধি নির্বাহী কর্মকর্তা, প্রেসিডেন্ট এবং সিইও | নিসান মোটর কর্পোরেশন |
| মিঃ আকিও তোয়োদা | পরিচালনা পর্ষদের সভাপতি ও সদস্য | টয়োটা মোটর কর্পোরেশন |
| মিঃ ইয়োশিহিরো হিডাকা | সভাপতি, প্রধান নির্বাহী কর্মকর্তা ও প্রতিনিধি পরিচালক | ইয়ামাহা মোটর কর্পোরেশন |
| মিঃ তোশিহিরো সুজুকি | সভাপতি ও প্রতিনিধি পরিচালক | সুজুকি মোটর কর্পোরেশন |

| | | |
|---|---|---|
| মিঃ সেইজি ইমাই | মিজুহোর চেয়ারম্যান আর্থিক গ্রুপ | মিজুহো ব্যাঙ্ক লি. |
| মিঃ হিরোকি ফুজিসু | উপদেষ্টা, MUFG ব্যাংক লিমিটেড এবং চেয়ারম্যান, JIBCC | MUFG ব্যাংক লিমিটেড এবং JIBCC |
| মিঃ তাকেশি কুনিবে | সুমিতোমো মিতসুই ফাইন্যান্সিয়াল গ্রুপ (SMFG) এবং সুমিতোমো মিৎসুই ব্যাংকিং কর্পোরেশন (SMBC) উভয়ের বোর্ডের চেয়ারম্যান | সুমিতোমো মিৎসুই ব্যাংকিং কর্পোরেশন |
| মিঃ কোজি নাগাই | চেয়ারম্যান | নোমুরা সিকিউরিটিজ কোং লিমিটেড |
| মিঃ কাজুও নিশিতানি | মহাসচিব | জাপান-ভারত ব্যবসায়িক সহযোগিতা কমিটি |
| মিঃ মাসাকাজু কুবোটা | রাষ্ট্রপতি | KEIDANREN |
| মিঃ কিয়োহেই হোসনো | পরিচালক এবং সিওও | ড্রিম ইনকিউবেটর ইনক. |
| মিঃ কেইচি ইওয়াতা | সুমিতোমো কেমিক্যাল কোম্পানির প্রেসিডেন্ট, জাপান পেট্রোকেমিক্যাল ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশনের ভাইস চেয়ারম্যান | সুমিটোমো কেমিক্যাল কোং লিমিটেড |
| মিঃ টসুগিও মিৎসুওকা | বোর্ডের সভাপতি | আইএইচআই কর্পোরেশন |

| | | |
|---|---|---|
| মিঃ ইয়োশিনোরি কানেহানা | বোর্ডের চেয়ারম্যান | কাওয়াসাকি হেভি ইন্ডাস্ট্রিজ, লি. |
| মিঃ রিউকো হীরা | সভাপতি ও প্রতিনিধি পরিচালক | হোটেল ম্যানেজমেন্ট ইন্টারন্যাশনাল কোং লি. |
| মিঃ হিরোকো ওগাওয়া | সিও ও সিইও | ব্রুকস এন্ড কোং লি. |
| মিঃ বিবেক মহাজন | সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট, সিটিও মো | ফুজিৎসু ল্টদ. |
| মিঃ তোশিয়া মাতসুকি | জ্যেষ্ঠ সহসভাপতি | এনইসি কর্পোরেশন |
| মিঃ কাজুশিগে নোবুতানি | রাষ্ট্রপতি | জেট্রো |
| মিঃ ইয়ামাদা জুনিচি | নির্বাহী সিনিয়র সহ-সভাপতি মো | জাইকা |
| মিঃ তাদাশি মায়েদা | গভর্নর | জেবিআইসি |
| মিঃ অজয় সিং | ব্যবস্থাপনা নির্বাহী কর্মকর্তা | মিৎসুই O.S.K. লাইনগুলি |
| মিঃ তোশিয়াকি হিগাশিহারা | পরিচালক, প্রতিনিধি নির্বাহী কর্মকর্তা, নির্বাহী চেয়ারম্যান এবং সিইও | হিতাচি লি. |

| | | |
|---|---|---|
| মিঃ ইয়োশিহিরো মিননো | সিনিয়র এক্সিকিউটিভ অফিসার, বোর্ডের সদস্য | ডাইকিন ইন্ডাস্ট্রিজ লি. |
| মিঃ ইয়োশিহিসা কিতানো | প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা | জেএফই স্টিল কর্পোরেশন |
| মিঃ ইজি হাশিমোতো | প্রতিনিধি পরিচালক ও রাষ্ট্রপতি মো | নিপ্পন স্টিল কর্পোরেশন |
| মিঃ আকিহিরো নিক্কাকু | সভাপতি ও বোর্ডের প্রতিনিধি সদস্য মো | Toray ইন্ডাস্ট্রিজ, ইনক। |
| মিঃ মোটোয়াকি উনো | প্রতিনিধি পরিচালক ও সিনিয়র এক্সিকিউটিভ ম্যানেজিং অফিসার | মিৎসুই অ্যান্ড কোং লিমিটেড |
| মিঃ মাসায়োশি ফুজিমোটো | প্রতিনিধি পরিচালক, প্রেসিডেন্ট ও সিইও | সোজিৎজ কর্পোরেশন |
| মিঃ তোশিকাজু নাম্বু | নির্বাহী সহ-সভাপতি, প্রতিনিধি পরিচালক মো | সুমিতোমো কর্পোরেশন |
| মিঃ ইচিরো কাশিতানি | রাষ্ট্রপতি | টয়োটা সুশো কর্পোরেশন |
| মিঃ ইচিরো তাকাহারা | বোর্ডের ভাইস চেয়ারম্যান, সদস্য মো | মারুবেনী কর্পোরেশন |
| মিঃ ইয়োজি তাগুচি | মিতসুবিশি কর্পোরেশন ইন্ডিয়া প্রাইভেট লিমিটেডের চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক | মিতসুবিশি কর্পোরেশন |

**টোকিও**

**মে 23, 2022**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.